নিয়মিত বোর্ডের ওয়েবসাইট দেখুন

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৬৩.১৩.৪৪ তারিখঃ ১৪ ডিসেম্বর, ২০১৬খ্রি.

বিজ্ঞপ্তি

অত্র বোর্ডের ২০১৬ সনের কারিগরি বৃত্তিমূলক সার্টিফিকেট জাতীয় দক্ষতা ১ম পর্ব (৩য় মান) ও ২য় পর্ব (২য় মান) পরীক্ষা সংযুক্ত পরীক্ষার সময়সূচী অনুযায়ী সংশ্লিষ্ট কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হইবে।

পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি, পরীক্ষার সময়সূচি, পরীক্ষার ফি-সমূহের হার ইত্যাদি অত্র সাথে দেয়া হইল যা বোর্ডের ওয়েব সাইটের মাধ্যমেও জানা যাইবে ও সংশিষ্ট টেকনিক্যাল ট্রেনিং সেন্টার ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের নিকট হইতে জানা যাইবে।

*প্রকাশ থাকে যে, কারিগরি বৃত্তিমূলক সার্টিফিকেট জাতীয় দক্ষতা ১ম ও ২য় পর্ব (৩য় ও ২য় মান) পরীক্ষা অত্র বোর্ডের অনুমোদিত পাঠ্যক্রম, প্রবিধান ও মঞ্জুরীকৃত ট্রেড মোতাবেক টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি) ও টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) সমূহে বিগত জানুয়ারি ১৯৮৫ হইতে প্রবর্তিত পাঠ্যক্রমের আওতায় অধ্যয়নরত নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য গ্রহণ করা হইবে।
পরীক্ষার্থীদের শ্রেণীবিন্যাস, এন্ট্রিফরম পূরণ প্রক্রিয়া, পরীক্ষার ফি সমূহের হার এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রিফরম ও ফি জমা প্রানের নিয়মাবলিঃ

১। **পরীক্ষার্থীদের শ্রেণীবিন্যাসঃ**

১.১ ২০১৬ (জানুয়ারি হইতে ডিসেম্বর) শিক্ষাবর্ষে কারিগরি বৃত্তিমূলক সার্টিফিকেট কোর্সে ১ম ও ২য় পর্বে অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হইবে।

১.২ ২০১৫ সনের কারিগরি বৃত্তিমূলক সার্টিফিকেট ১ম ও ২য় পর্ব (৩য় ও ২য় মান) পরীক্ষার অনুত্তীর্ণ পরীক্ষার্থী এই পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হইবে।

১.৩ ২০১৫ সনের পরীক্ষায় যে সকল অনিয়মিত পরীক্ষার্থী ২০১৪ সন অথবা তার পূর্বের কোন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তাহারা রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগ রক্ষাকারী ফি প্রদান পূর্বক পরীক্ষায় অংশ গ্রহন করিতে পারিবে। এরুপ পরীক্ষার্থীগণকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতির জন্য ৩০০/-(তিনশত) টাকা সংযোগ রক্ষাকারী ফি ফরম ফিলাপের সংগে অতিরিক্ত প্রেরণ করিতে হইবে।

১.৪ ২০১৬ সনের নভেম্বর মাসে অনুষ্ঠিত জাদ পূর্বযোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণগণ বহিরাগত পরীক্ষার্থী হিসেবে এই পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

২। **এন্ট্রি ফরম পূরণের নিয়মাবলিঃ**

২.১ পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী পরীক্ষার্থীগণকে অতি সাবধানতায় বাংলায় এন্ট্রি ফরম পূরণ করিতে হইবে। তবে পরীক্ষার্থীর বাংলা নামের সহিত নির্দিষ্ট স্থানে ইংরেজি বড় অক্ষরে তাহার নামের অবিকল নাম অবশ্যই লিখিতে হইবে। একই প্রকারে ইংরেজি বড় অক্ষরে পিতার নাম লিখিতে হইবে।

২.২ প্রত্যেক পরীক্ষার্থীকে অবশ্যই নিজ নিজ এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে তাহার ১ম/২য় পর্বের নিবন্ধন (রেজিস্ট্রেশন) নম্বর ও সেশন এবং ট্রেডের নাম নির্ভুলভাবে এন্ট্রি করিতে হইবে। বোর্ডের রেজিস্ট্রেশন শাখা হইতে রেজিস্ট্রেশন নম্বর সংগ্রহ করিতে হইবে তবে জাদ পূর্বযোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণগণ বোর্ডের ভোকেশনাল শাখা হইতে রেজিস্ট্রেশন নম্বর সংগ্রহ করিবে। রেজিস্ট্রেশন নম্বর ও সেশন উল্লেখবিহীন এন্ট্রি ফরম গ্রহণ করা হইবে না।

২.৩ কারিগরি বৃত্তিমূলক সার্টিফিকেট পাঠ্যক্রমের বর্তমান দ্বিতীয় মান দ্বিতীয় পর্বে অধ্যয়নরত নিয়মিত যে সকল পরীক্ষার্থীকে তাহাদের পূর্বের (জাদ-তৃতীয় মান) পরীক্ষায় স্ব স্ব অনুত্তীর্ণ বিষয়ে/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষা দিতে হইবে তাহাদের প্রত্যেককে প্রথম পর্বের জন্য পূরণযোগ্য এন্ট্রি ফরমের নির্ধারিত পংতিতে
তাহার প্রথম পর্বের রেজিস্ট্রেশন নম্বর ও সেশনসহ পূর্ববর্তী পরীক্ষার সন, বোর্ড রোল নম্বর ও অনুত্তীর্ণ প্রতিটি বিষয়ের/অংশের পূর্ণনাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

২.৪ ২য় পর্বের নিয়মিত এবং অনিয়মিত উভয় শ্রেণীর পরীক্ষার্থীগণ যাহারা ইতোপূর্বে ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে তাহাদেরকে তাহাদের এন্ট্রিফরমের মধ্যে ১ম পর্ব পরীক্ষা পাশের সন, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর এবং সেশন উল্লেখ করিতে হইবে।

২.৫ প্রত্যেক পরীক্ষার্থীকে স্বীয় এন্ট্রিফরমের সহিত অবশ্যই তাহার (১.৫″ × ১.৫″) দুই কপি ছবি সংযোজন করিতে হইবে।

অব্যাহত---

৩।	**পরীক্ষা ফি সমূহের হারঃ**

ক্রমিক নং	বিবরণ	প্রতি পরীক্ষার্থী	**মন্তব্য**
১.	পরীক্ষার ফি	৪০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
২.	কেন্দ্র ফি	৪০০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৩.	ব্যবহারিক বিষয়ক কেন্দ্র ফি	৫০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৪.	নম্বরপত্র ফি	৬০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৫.	বাসস্থব প্রশিক্ষণ ফি	১২০.০০	বোর্ডের প্রাপ্য ৭০/- প্রতিষ্ঠান ৫০/-
৬.	সংযোগরক্ষাকারী ফি	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৭.	সনদপত্র ফি	১০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%

ফিস আদায় ও সমর্পন/ বিতরণঃ

- নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি + নম্বরপত্র ফি + বাসস্থব প্রশিক্ষণ ফি + সনদপত্র ফি) বাবদ (৪০০+৬০+৭০+১০০) = ৬৩০/-(ছয়শত ত্রিশ) টাকা এবং অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি + নম্বর পত্র ফি) বাবদ (৪০০+৬০) = ৪৬০/- (চারশত ষাট) টাকা হারে আদায়পূর্বক বোর্ডে প্রেরণ করিতে হইবে।
- প্রযোজ্য ক্ষেত্রে সংযোগরক্ষাকারী ফি, বিলম্ব ফি ও জরিমানা যথারীতি বোর্ডে প্রেরণ করিতে হইবে। বাসস্থব প্রশিক্ষণের (১২০-৭০) = ৫০/- টাকা বোর্ডের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মূল্যায়ন কাজের পারিশ্রমিক হিসাবে ব্যয়যোগ্য এবং অবশিষ্ট ৭০/- (সত্তর) টাকা বোর্ডে প্রেরণ করিতে হইবে যা পরীক্ষার ফি হিসাবে ৫০/- টাকা এবং বাসস্থব প্রশিক্ষন বহির জন্য ২০/- টাকা ধার্য।

৪।	**শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রি ফরম, পরীক্ষার ফি জমা প্রদানের নিয়মাবলিঃ**

৪.১	সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের ব্যতিত সরাসরি কোন এন্ট্রি ফরম বোর্ডে গ্রহণ করা হইবে না।

৪.২	অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট এন্ট্রি ফরম অথবা ব্যাংক ড্রাফট বিহীন এন্ট্রি ফরম সরাসরি নাকচ করা হইবে এবং তজ্জন্য বোর্ড দায়ী থাকিবে না।

৪.৩	পরীক্ষার্থীদের নিকট হইতে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা আরম্ভের পূর্বেই সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের পক্ষ হইতে ড্রাফটের মাধ্যমে অবশ্যই প্রেরণ করিতে হইবে। কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ হইতে বোর্ড কর্তৃক জারীকৃত হারে ও পদ্ধতি অনুসারে পরীক্ষা সমাপ্তির পরই কেন্দ্রে নিয়োজিত কর্মকর্তা /প্রশিক্ষক ও কর্মচারীবৃন্দের পারিশ্রমিক পরিশোধ এবং কাঁচামাল ক্রয়জনিত ব্যয় বহনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। উল্লেখ্য, প্রশিক্ষণ ইন্সটিটিউট/কেন্দ্রের আভ্যমন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের পারিশ্রমিকের হার পরীক্ষা কেন্দ্রে নিয়োজিত অনাভ্যমন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের হারের সমান হইবে এবং এই পারিশ্রমিক কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থেই পরিশোধ করিতে হইবে।

৪.৪	ব্যবহারিক পরীক্ষা দিতে হইবে এইরূপ প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হইতে ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বরাবরে ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রেরণ করিতে হইবে। ব্যবহারিক পরীক্ষা দিতে হইবে না এইরূপ কোন পরীক্ষার্থীর নিকট হইতে ব্যবহারিক পরীক্ষার ফি আদায়যোগ্য নহে।

৪.৫	বাবহারিক পরীক্ষা ফি বাবদ আদায়কৃত অর্থ হইতে অনাভ্যমন্তরীণ বাবহারিক পরীক্ষকগণের পারিশ্রমিক বোর্ড প্রবর্তিত হারে অর্থাৎ প্রতি অনাভ্যমন্তরীণ ব্যবহারিক পরীক্ষককে সংশ্লিষ্ট ট্রেডের ও পর্বের ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য প্রতি পর্বের প্রতি পরীক্ষার্থী ১০/-(দশ) টাকা হারে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিশোধিত হইবে এবং অবশিষ্ট অর্থ কেন্দ্রে ব্যবহারিক পরীক্ষা বাবদ কাঁচামাল ক্রয়ের জন্য ব্যয়িত হইবে।

৪.৬	উপরে বর্ণিত কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষার ফি ব্যতীত আদায়কৃত ফিসমূহ সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা** এর অনুকূলে প্রদানকরতঃ ইহার বিপরীতে সংগৃহীত ড্রাফটটি এন্ট্রি ফরমের সহিত প্রেরণ করিতে হইবে। ড্রাফটটি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা হইতে উত্তোলনযোগ্য হইতে হইবে।

৪.৭	ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্তে প্রদানযোগ্য ব্যাংক কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৪.৮	নগদ, মানি-অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নহে।

৪.৯	অত্র বোর্ডে প্রেরণের পূর্বে প্রতিটি এন্ট্রি ফরমের তথ্যাদি শিক্ষা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নথিপত্রের তথ্যাদি সহিত অভিন্নতা দেখিয়া ট্রেডভিত্তিক শ্রেণীবিন্যাস করিয়া নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের পৃথক পৃথকভাবে সাজাইয়া দাখিল করিতে হইবে।

৪.১০	এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই স্বাক্ষর প্রদান করিবেন ও রাবার ষ্ট্যাম্প ব্যবহার করিবেন। এন্ট্রি ফরমের সংগে পরীক্ষার্থীর ২ (দুই) কপি ছবি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করিয়া দিতে হইবে। ছবি বিহীন এন্ট্রি ফরম গ্রহণ যোগ্য নয়।

অব্যাহত---

৪.১১ এন্ট্রি ফরম পূরণ, ডিডি জমা এবং প্রবেশপত্র গ্রহণ নিম্নোক্ত ছক মোতাবেক করতে হবে।

ছকঃ

এন্ট্রি ফরম বিতরণ	ডি ডি জমা, প্রবেশপত্র ইস্যু ও উত্তরপত্র বিতরণ	৩০০/- হারে বিলম্ব ফি সহ ডি ডি জমা, প্রবেশপত্র ইস্যু ও উত্তরপত্র বিতরণ
১৮-১২-২০১৬ খ্রি. ও ১৯-১২-২০১৬ খ্রি.	**২১-১২-২০১৬ খ্রি.**	**২২-১২-২০১৬ খ্রি.**

পরীক্ষার্থীদের ছক ঃ

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	পরীক্ষায় দেয় বিষয়ের পূর্ণ নাম	পরীক্ষার ফি	কেন্দ্র ফি	ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট ফি	সনদপত্র ফি	অনিয়মিত পরীক্ষার্থীদের পূর্ববর্তী পরীক্ষার সন ও রোল নম্বর(প্রযোজ্য ক্ষেত্রে)	সংযোগ রক্ষাকারী ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

৪.১২ পরীক্ষা সংক্রান্ত বিষয়ে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে যোগাযোগ করিতে হইবে। তবে , অবশ্যই **দৃষ্টি আকর্ষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকঃ ৭ম তলা)** কথাটি লিখিতে হইবে।

(প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৬৩.১৩.৪৪ তারিখঃ ১৪ ডিসেম্বর, ২০১৬খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে প্রেরণ করা হইলঃ

১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৩-৪। সচিব/ পরিচালক(কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। উপ-পরীক্ষা নিয়মত্রক(গোপনীয়),বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। উপ-পরীক্ষা নিয়মত্রক (সনদ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।(বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশসহ প্রয়োজনীয় সকল কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৮-১১। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা/ বাংলাদেশ জার্মান, মিরপুর, ঢাকা/ নাসিরাবাদ, চট্টগ্রাম/বগুড়া।
১২-১৫। অধ্যক্ষ, বিজিএস, দেওলা, টাঙ্গাইল/ নাজারেথ টেকনিক্যাল স্কুল, আনন্দপুর, সাভার, ঢাকা/ এসওএস ভোকেশনাল ট্রেনিং সেন্টার, মিরপুর-১৩, ঢাকা/ ক্রাইষ্ট চার্জ ট্রেড স্কুল, যশোর।
১৬। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। উপ-পরিচালক(হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২০। নথি।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(ভোক)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৮১২১৫৪০ (অফিস)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)
Web Site : www.bteb.gov.bd

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৬৩.১৩.৪৫ তারিখঃ ১৪ ডিসেম্বর, ২০১৬খ্রি.

বিজ্ঞপ্তি

২০১৬ সনের কারিগরি বৃত্তিমূলক সার্টিফিকেট জাতীয় দক্ষতা পর্ব সমাপনী পরীক্ষার সময়সূচিঃ

তত্ত্বীয় পরীক্ষাঃ			
তারিখ ও বার	বিষয়	পর্ব ও মান	সময়
২৬/১২/২০১৬ খ্রি. (সোমবার)	সকল ট্রেড	১ম পর্ব (৩য় মান)	সকাল ১০ টা
২৭/১২/২০১৬ খ্রি. (মঙ্গলবার)	সকল ট্রেড	২য় পর্ব (২য় মান)	সকাল ১০ টা
ব্যবহারিক পরীক্ষাঃ			
তারিখ ও বার	বিষয়	পর্ব ও মান	সময়
২৮/১২/২০১৬ খ্রি. (বুধবার)	সকল ট্রেড	১ম পর্ব (৩য় মান)	সকাল ৯ টা
২৯/১২/২০১৬ খ্রি. (বৃহস্পতিবার)	সকল ট্রেড	২য় পর্ব (২য় মান)	সকাল ৯ টা

ব্যবহারিক পরীক্ষাঃ প্রতিদিন সকাল ৯ টা হইতে দুপুর ১২টা এবং বিকাল ২টা হইতে বিকাল ৫টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ০১/০১/২০১৭ খ্রি. তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষার নম্বর বোর্ডে প্রেরণ করতে হবে।

বাস্তব প্রশিক্ষণঃ ০১/০১/২০১৭ খ্রি. হতে ০৯/০২/২০১৭ খ্রি. পর্যন্ত বাস্তব প্রশিক্ষণ চলবে এবং ১২/০২/২০১৭ খ্রি. তারিখের মধ্যে বাস্তব প্রশিক্ষনের নম্বর ট্রেড ভিত্তিক বোর্ডে প্রেরণ করতে হবে।

বিশেষ নির্দেশাবলি:

১। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
২। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হইতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।
৩। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের লিথো কোডের অংশে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই মার্জিন দেয়া কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
৪। পরীক্ষার্থীকে তত্ত্বীয় ও ব্যবহারিক অংশে পৃথক পৃথক ভাবে পাস করতে হবে।
৫। কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না এবং কোন পরীক্ষাথী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।
৬। তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই হাজিরা সীট ব্যবহার করতে হবে।

(প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৬৩.১৩.৪৫ তারিখঃ ১৪ ডিসেম্বর, ২০১৬খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে প্রেরণ করা হইলঃ

১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৩-৪। সচিব/ পরিচালক(কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। উপ-পরীক্ষা নিয়মত্রক(গোপনীয়),বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। উপ-পরীক্ষা নিয়মত্রক (সনদ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৮-১৫। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা/ বাংলাদেশ জার্মান, মিরপুর, ঢাকা/ নাসিরাবাদ, চট্টগ্রাম/বগুড়া এবং বিজিএস, দেওলা, টাঙ্গাইল/ নাজারেথ টেকনিক্যাল স্কুল, আনন্দপুর, সাভার, ঢাকা/ এসওএস ভোকেশনাল ট্রেনিং সেন্টার, মিরপুর-১৩, ঢাকা/ ক্রাইষ্ট চার্জ ট্রেড স্কুল, যশোর।
১৬। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। উপ-পরিচালক(হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২০। নথি।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(ভোক)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৮১২১৫৪০ (অফিস)